



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
সংস্থাপন শাখা
www.bjri.gov.bd



স্মারক নম্বর-১২.২৩.০০০০.০০৪.১১.০০৪.২১. ২৮৪৬

তারিখ- ২২/০৬/২০২৩


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত অস্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

নং	পদের নাম বেতন স্কেল ও গ্রেড	পদের সংখ্যা	বয়সসীমা (১৫-০৪-২০২১ খ্রিঃ তারিখে)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা
১	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪)	৩টি	সর্বনিম্ন ৩৯ বৎসর	সংশ্লিষ্ট বিষয়ে পি,এইচ,ডি-সহ ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা বিএসসি (কৃষি)/(টেক)/এম, এস,এম, এস, এস, সি,সহ সংশ্লিষ্ট কাজে অবদানসহ ১০ বৎসরের অভিজ্ঞতা। ৮টি প্রকাশিত মৌলিক গবেষণা প্রবন্ধ থাকা বাঞ্ছনীয়। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অগ্রাধিকারযোগ্য।
২	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	৬টি	সর্বনিম্ন ৩৫ বৎসর	সংশ্লিষ্ট বিষয়ে পি, এইচ, ডি-সহ ২ বৎসরের অভিজ্ঞতা, অথবা বিএসসি (কৃষি)/বিএসসি (টেক)/এম,এস,এম, এস, সি,সহ ৫ বৎসরের অভিজ্ঞতা। ৩টি মৌলিক গবেষণা প্রবন্ধের প্রকাশনা অগ্রাধিকারযোগ্য।

নিয়োগের শর্তাবলিঃ

- ১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে প্রণীত আবেদনের মডেল ফরমে আবেদন করতে হবে। আবেদনের মডেল ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (<http://old.mopa.gov.bd/uploads/2017/archive/forms/admin1-2014-01.PDF>) এবং বিজেআরআই এর ওয়েব সাইট (www.bjri.gov.bd) এ পাওয়া যাবে।
- ২। প্রার্থীগণকে আগামী ২৫-০৩-২০২১ হতে ১৫-০৪-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে।
- ৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর (ডাকযোগে বা সরাসরি) কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৪। প্রার্থীগণকে National Agricultural Research System (NARS) নীতিমালা/মানদণ্ড অনুযায়ী মূল্যায়ন করা হবে। সে প্রেক্ষিতে নির্দিষ্ট মূল্যায়ন ফরম ০৪ (চার) প্রস্থ (সংযোজনীসহ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। নির্দিষ্ট মূল্যায়ন ফরম বিজেআরআই এর ওয়েব সাইট (www.bjri.gov.bd) হতে Download করে সংগ্রহ করা যাবে।
- ৫। আবেদনকারীকে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- ৬। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের অনুকূলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে। আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।
- ৯। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে অপসারিত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- ১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি কৃষি মন্ত্রণালয়ের গত ২৩-০১-২০২০ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৬৩.১১.০১১.১৮.২৬ সংখ্যক এবং ০১-০২-২০২১ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৬৩.১১.০১১.১৮.৩৪ সংখ্যক স্মারকপত্রের আলোকে প্রচার করা হল।
- ১২। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


২২/৬/২৩
(ড. মাহমুদ আল হোসেন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন-৯১১০৯৫৩